



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়  
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ  
হাইড্রোকার্বন ইউনিট

অনলাইনে অনুষ্ঠিত হাইড্রোকার্বন ইউনিট এর আগস্ট/২০২০ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি	এ এস এম মঞ্জুরুল কাদের মহাপরিচালক
সভার তারিখ	১২-০৮-২০২০
সভার সময়	দুপুর ১২: ০০ ঘটিকা
স্থান	অনলাইন মাধ্যম
উপস্থিতি	ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে জনাব মোঃ জাকির হোসেন পরিচালক সভার কার্যপত্র উপস্থাপন করেন।

২। গত ০৯-০৭-২০২০ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রম িক নং	আলোচনা	সিদ্ধান্ত
০১	<p><u>শোক দিবস</u></p> <p>সভার শুরুতেই জাতীয় জ্বালানি নিরাপত্তা দিবস ২০২০ সফলভাবে সম্পন্ন করার জন্য মহাপরিচালক মহোদয় ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ১৫ আগস্ট জাতীয় শোক দিবস যথাযোগ্য মর্যাদায় ও শ্রদ্ধার সাথে পালন করা প্রসঙ্গে বলেন, 'জাতীয় শোক দিবস' পালনের জন্য গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন পর্যালোচনা ও সমন্বয়ের লক্ষ্যে অনুষ্ঠিত ভার্চুয়াল ফলো-আপ সভার কার্যবিবরণী অনুসারে আমাদের কর্মসূচি পালন করতে হবে। আগস্ট মাস ব্যাপী কালো ব্যাজ ধারণ কর্মসূচি প্রসঙ্গে আলোচনা হয়। এছাড়াও ১৬ আগস্ট অত্র অফিসের কনফারেন্স রুমে আলোচনা সভা ও দোয়া মাহফিল প্রসঙ্গে আলোচনা হয়।</p>	<p>আলোচনা সভা ও দোয়া মাহফিল আয়োজন করার সিদ্ধান্ত হয়।</p>

০২	<p><b>প্রশাসনিক</b></p> <p>আমাদের বাৎসরিক ০৮ টি সেমিনারের প্রসঙ্গে আলোচনা হয়। মহাপরিচালক মহোদয় বলেন, আমাদের Virtual Seminar করতে হবে। Virtual Seminar এর ব্যাপারে আমাদের প্রস্তুতি গ্রহন করতে হবে। এছাড়াও তিনি বলেন, সেমিনার এর Topic নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করতে হবে। বিভিন্ন দপ্তর/সংস্থাকে সেমিনার টপিক এর বিষয়ে তাদের মতামত প্রেরণের জন্য চিঠি পাঠাতে হবে।</p>	<p>সেমিনার এর টপিক এর বিষয়ে দপ্তর/সংস্থাতে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
০৩	<p><b>ইআরপি</b></p> <p>জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও এর আওতাধীন ৭ টি প্রতিষ্ঠানের জন্য একটি অন্তর্বর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড চালু করার লক্ষ্যে বিপিসি ও প্রেটোবাংলা হতে ট্রায়াল অপারেশন সংক্রান্ত কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে পত্র প্রেরণের ব্যাপারে আলোচনা হয়। ড্যাশবোর্ডের Mobile version এর ব্যাপারেও আলোচনা হয়। এছাড়াও মোবাইল অ্যাপসের কার্যক্রম এবং এ সংক্রান্ত অন্যান্য কার্যক্রম যেমন গুগল প্লেস্টোর এবং এপস স্টোরে আপলোড করা সংক্রান্ত বিষয়ে আলোচনা হয়।</p>	<p>অন্তর্বর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড চালু করার লক্ষ্যে বিপিসি ও প্রেটোবাংলা হতে ট্রায়াল অপারেশন সংক্রান্ত কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।</p>
০৪	<p><b>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি-</b></p> <p>২০২০-২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া নির্দেশিকা, চুক্তির কাঠামো, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্য, আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের নির্দেশিকা সম্পর্কে আলোচনা হয়।</p>	<p>অন্তর্বর্তীকালীন ম্যানেজমেন্ট ড্যাশবোর্ড চালু করার লক্ষ্যে বিপিসি ও প্রেটোবাংলা হতে ট্রায়াল অপারেশন সংক্রান্ত কর্মকর্তা মনোনয়ন প্রদান প্রসঙ্গে পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়।</p>
০৫	<p><b>ইনোভেশন</b></p> <p>হাইড্রোকার্বন ইউনিটে ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। হাইড্রোকার্বন ইউনিটের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি ২০২০-২০২১ নিয়ে আলোচনা হয়।</p>	<p>ইনোভেশন পরিকল্পনা বাস্তবায়নের উপর গুরুত্ব আরোপ করা হয়েছে।</p>
০৬	<p><b>শুদ্ধাচার কর্মপরিকল্পনা:</b></p> <p>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে পর্যালোচনা করা হয়। ২০২০-২১ বছরের শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনায় সম্পর্কে আলোচনা হয়।</p>	<p>শুদ্ধাচারের নির্দেশিত কার্যাবলি সম্পন্ন করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>

০৭	<p><b>ই- নথি:</b>  হাইড্রোকার্বন ইউনিটের ই-নথি ভিত্তিক কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে আলোচনা হয়। তেল, গ্যাস ও খনিজ সম্পদ এর সাথে সম্পৃক্ত বিভিন্ন প্রতিষ্ঠানের কাছ থেকে ঠিকানা সংগ্রহ করে তাদেরকে ই-নথিতে পত্রজারির মাধ্যমে ডাটা চাওয়ার ব্যাপারে আলোচনা হয়।</p>	<p>ই- নথির ব্যবহার আরো বৃদ্ধি করার ব্যাপারে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
----	---	--

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৮.০৬.০০০০.০০০.০৬.০০২.১৯.১৭৪

তারিখ: ১৮ ভাদ্র ১৪২৭

০২ সেপ্টেম্বর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), পরিচালক (নীতিমালা ও উন্নয়ন), হাইড্রোকার্বন ইউনিট
- ২) উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট
- ৩) সহকারী পরিচালক (রিজার্ভয়ার ও উৎপাদন), হাইড্রোকার্বন ইউনিট
- ৪) সহকারী পরিচালক (প্রশাসন ও হিসাব), হাইড্রোকার্বন ইউনিট
- ৫) সহকারী পরিচালক (অপারেশন), উপ-পরিচালক (মাইনিং ও অপারেশন), হাইড্রোকার্বন ইউনিট
- ৬) সহকারী পরিচালক (পরিকল্পনা), উপ-পরিচালক (পরিকল্পনা ও পিএসসি), হাইড্রোকার্বন ইউনিট



এ এস এম মঞ্জুরুল কাদের  
মহাপরিচালক